

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২. ৭৫৪

তারিখ: ২৩ অক্টোবর ২০২৫

বিষয় : ৩০ দিন মেয়াদী ব্লক বাটিক ও টেইলারিং ট্রেডে প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত সুফলভোগী প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সুফলভোগীদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ এ আগামী ০৯/১১/২০২৫ হতে ৩০ দিন মেয়াদী ব্লক বাটিক ও টেইলারিং ট্রেডে মহিলা সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত ছকে সংযুক্ত তালিকা মোতাবেক উপজেলা হতে আগ্রহী সুফলভোগী সদস্যদের নামের তালিকা জরুরি ভিত্তিতে আগামী ৩০/১০/২০২৫ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ছক

ক্র. নং	সমিতির কোড নং	সদস্যের নাম ও আইডি নং	বয়স	শিক্ষাগত যোগ্যতা	মোবাইল নম্বর	মন্তব্য

প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিক বিষয়সমূহ:

- বিশেষ সমিতির সদস্যদের অগ্রাধিকার প্রদান করতে হবে।
- সদস্যদের বয়স ৪০ বছরের নিচে এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি পাশ হতে হবে।
- ইত:পূর্বে প্রকল্পের আওতায় সে সকল সদস্যদেরকে সেলাই ও এমব্রয়ডারী ট্রেডসহ দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদের প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা যাবে না।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৪১০১০৩৪১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট জেলা)।
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।
- অফিস নথি।